

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন প্রকল্প বাছাই এবং অনুমোদন প্রদান পরিকল্পনা বিভাগের প্রধান কাজ। ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ অর্থ-বছরে ৯৫টি একনেক সভায় ৭৩৯টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হয়। তাছাড়া পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক বিগত ০৩ (তিন) বছরে আরও ২২১টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে “পদ্মা বহুমুখী সেতু নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প”, “পদ্ম সেতু রেল সংযোগ প্রকল্প”, “কর্ণফুলী নদীর তলদেশে বহলেন সড়ক টানেল নির্মাণ প্রকল্প”, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প”, “ঢাকা মেট্রো রেল প্রকল্প”, “রূপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্প” ও “বঙ্গবন্ধু রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্প”, “খানজাহান আলী বিমান বন্দর নির্মাণ প্রকল্প”, উল্লেখযোগ্য। “রূপকল্প ২০২১” এর লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে এ সকল উন্নয়ন প্রকল্প সঠিক বাস্তবায়নের দ্বারা বাংলাদেশকে উন্নয়নের কাঙ্ক্ষিত লক্ষ্যে উন্নীত করার প্রচেষ্টা সফল হবে। উক্ত অর্থ-বছরগুলোতে ADP, RADP প্রণয়নের নিমিত্ত সর্বমোট ০৬টি এনইসি সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর খসড়া প্রণয়ন, “প্রস্কিত পরিকল্পনা (২০১০-২০২১) এর মধ্যবর্তী মূল্যায়ন এবং বাংলাদেশ রূপকল্প ২০৪১ প্রকল্প” প্রণয়ন, গ্রহণ ও বাস্তবায়ন করা হয় এবং SDGs Needs Assessment and Financing Strategy: Bangladesh Perspective (June 2017) প্রণয়ন করা হয়। সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭ অনুমোদন, প্রকাশ ও প্রচার করা হয়। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (NAPD) বিগত ০৩ (তিন) অর্থ-বছরে ২০২টি প্রশিক্ষণ কোর্স ও কর্মশালার মাধ্যমে ৬,৮৭৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS) ৬৮টি গবেষণা সমীক্ষা সম্পন্ন করেছে।